১৫৭

দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. 2 6 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

## ফেনী সরকারী কলেজে 'পরিসংখ্যান' বিষয়

ফেনী সরকারী কলেজে ১৯৯৮-৯৯ সেশনে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বাণিজ্য বিভাগের চতুর্থ বিষয় হিসাবে 'পরিসংখ্যান' বিষয়টি প্রথমবারের মত শুরু করা হয়। চতুর্থ বিষয় হিসাবে 'পরিসংখ্যান' ছাত্র-ছাত্রীদের নিকট অধিক পছন্দনীয়। যথারীতি উক্ত বিষয়ের ক্লাস শুরু হয়। ইহার মধ্যে অধিকাংশ ছাত্র-ছাত্রীর বই কেনাও সম্পন্ন হয়। কিন্তু তিন মাস পর তাৎক্ষণিক সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে 'পরিসংখ্যান' বিষয়টি তুলিয়া নেওয়া হয়। কারণ হিসাবে উক্ত বিষয় ভিত্তিক শিক্ষকের শূন্যতা দেখানো হয়। প্রশ্ন হইতেছে, ভর্তির বিজ্ঞপ্তিতে কেন উক্ত বিষয়ের উল্লেখ করা হইয়াছিল? এমতাবস্থায়, অধিকাংশ ছাত্র-ছাত্রীর মাঝে হতাশা বিরাজ করিতেছে। উল্লেখ্য, 'পরিসংখ্যান' বিষয়ের পরিবর্তে চতুর্থ বিষয় হিসাবে 'ব্যবসায় উদ্যোগ' বিষয়টি চালু করা হইয়াছে। এই ব্যাপারে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের সুবিবেচনা কামনা করিতেছি।

মোঃ মিজানুর রহমান,
ফেনী সরকারী কলেজ, ফেনী।